রাজশাহী কলেজ, রাজশাহী
ডকেট নং ৫২৪ ৫৫
তারিখ ৩০/৯/২০২৬
স্থাপিত. ১৮৭৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা

www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০৬৫.৩৪.০০২৮.১৮.১৯৪

তারিখ: ১৪ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: "স্বাধীনতা পুরস্কার-২০২৭" এর মনোনয়ন প্রস্তাব আহবান।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং- ০৪.০০.০০০০.০০০.৭১২.২৩.০০০১.২৫.৬৭, তারিখ: ০৮ সেপ্টেম্বর ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ, বিজ্ঞান ও প্রযুক্তি, চিকিৎসাবিদ্যা, শিক্ষা, সাহিত্য, সংস্কৃতি, ক্রীড়া, পল্লি উন্নয়ন, সমাজসেবা/জনসেবা, জনসংখ্যা নিয়ন্ত্রণ, জনপ্রশাসন, গবেষণা ও প্রশিক্ষণ; এবং সরকার কর্তৃক নির্ধারিত অন্য যেকোনো ক্ষেত্রসহ মোট ১৩ (তেরো)টি ক্ষেত্রে কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান, গোষ্ঠী এবং সংস্থার গৌরবোজ্জ্বল ও কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ "স্বাধীনতা পুরস্কার-২০২৭" এর মনোনয়ন প্রস্তাব আহ্বান করা হয়েছে। উল্লেখ্য, স্বাধীনতা পুরস্কার সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য/ছক মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইট (www.cabinet.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে।

২.০ এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত 'স্বাধীনতা পুরস্কার সংক্রান্ত নির্দেশাবলি' অনুসরণ করে নির্ধারিত ছকে (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে ও আওতাধীন দপ্তর, সংস্থা ও প্রতিষ্ঠানে কর্মরত) "স্বাধীনতা পুরস্কার-২০২৭" এর মনোনয়ন প্রস্তাব সংশ্লিষ্ট কাগজপত্রসহ প্রস্তাবের ৩০(ত্রিশ) সেট আগামী ০১ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে সমন্বয় শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। মনোনয়ন প্রস্তাবের হার্ডকপি ও সফটকপি Nikosh ফন্টে (ই-মেইল: sas_s4@moedu.gov.bd অথবা ডি-নথিতে) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। সংযুক্ত ছক।
২। স্বাধীনতা পুরস্কার-সংক্রান্ত নির্দেশাবলি।

সংযুক্তিসমূহঃ
(১) স্বাধীনতা পুরস্কার-সংক্রান্ত নির্দেশাবলি.pdf
(২) 67, স্বাধীনতা পুরস্কার-২০২৭ এর মনোনয়ন প্রস্তাব আহ্বান.pdf

২৯-০৯-২০২৬
লিউজা-উল-জান্নাহ
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ২৫৫১০১০৮৫
ইমেইল : sas_s4@moedu.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।

২। চেয়ারম্যান, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল।
৩। অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৪। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)।
৫। চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)।
৬। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।
৭। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৮। মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী।
৯। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।
১০। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড।
১১। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর/ ময়মনসিংহ।
১২। ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন।
১৩। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর।
১৪। পরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ।
১৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (পত্রটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৬। সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড ।
১৭। সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০৬৫.৩৪.০০২৮.১৮.১৯৪/১ (৩)

তারিখ: ১৪ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
২। সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৩। অফিস কপি।

২৯-০৯-২০২৬
লিউজা-উল-জান্নাহ
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)